

🗏 আল-হাক্কাহ | Al-Haqqa | الْحَاقَّة

আয়াতঃ ৬৯ : ৩২

আরবি মূল আয়াত:

ثُمَّ فِي سِلسِلَةٍ ذَرعُهَا سَبعُونَ ذِرَاعًا فَاسلُكُوهُ ﴿٢٢﴾

🗚 অনুবাদসমূহ:

'তারপর তাকে বাঁধ এমন এক শেকলে যার দৈর্ঘ্য হবে সত্তর হাত।' — আল-বায়ান তারপর ওকে শিকল দিয়ে বাঁধ- সত্তর হাত দীর্ঘ এক শিকলে, — তাইসিরুল পুনরায় তাকে শৃংখলিত কর সত্তর হাত দীর্ঘ এক শৃংখলে। — মুজিবুর রহমান

Then into a chain whose length is seventy cubits insert him." — Sahih International

৩২. তারপর তাকে শৃংখলিত কর এমন এক শেকলে যার দৈঘ্য হবে সত্তর হাত(১),

(১) অর্থাৎ ফেরেশতাদেরকে আদেশ করা হবে, এই অপরাধীকে ধর এবং তার গলায় বেড়ি পরিয়ে দাও। অতঃপর তাকে সত্তর গজ দীর্ঘ এক শিকলে গ্রথিত করে দাও। এ শিকল সংক্রান্ত এক বর্ণনা হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যদি এ শিকলের একটি গ্রন্থি আসমান থেকে দুনিয়াতে পাঠানো হয় তবে (অতি ভারী হওয়ার কারণে) রাতের আগেই যমীনে এসে পড়বে। যদিও আসমান ও যমীনের মাঝের দূরত্ব পাঁচশত বছরের পথ। আর সেটা যদি শিকলের মাথার অংশ হয় (অর্থাৎ আরো বড় ও ভারী হয়) তারপর যদি তা জাহান্নামে ফেলা হয় তবে সেটা তার নিম্নভাগে পৌছতে চল্লিশ বছর লাগবে"। [তিরমিযী: ২৫৮৮, মুসনাদে আহমাদ: ২/১৯৭]

তাফসীরে জাকারিয়া

(৩২) পুনরায় সত্তর হাত দীর্ঘ এক শৃঙ্খলে তাকে শৃঙ্খলিত কর।'[1]

[1] এই ذِرَاعٌ (হাত) কার হবে? এবং এটা কত বড় হবে? তার বিবরণ দেওয়া সম্ভব নয়। তবে এ থেকে জানা গেল যে, শিকলের দৈর্ঘ্য ৭০ হাত পরিমাণ হবে। (এবং তা দিয়ে তাকে বাঁধা হবে।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5355

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন